# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 MARCH 2026 7:45—7:55**

---

(১) আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্যে শাসক-বিরোধী উভয় পক্ষের প্রচার অভিযান তীব্র । বরাক উপত্যকায়ও বিভিন্ন দলের প্রার্থীদের প্রচার অভিযানে অংশগ্রহণ ।

(২) নির্বাচন সুষ্ঠভাবে পরিচালনা করতে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যসূচী অব্যাহত ।

(৩) আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর // মন কী বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় ।

এবং

(৪) দেশে মাত্র ৫ থেকে ১০ দিনের জন্য তেল রয়েছে  বলে সামাজিক মাধ্যমে প্রচারিত খবর কেন্দ্রীয় সরকারের অস্বীকার ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার আজ আরো তীব্র হয়ে ওঠেছে । এই নির্বাচনের জন্য আর মাত্র ১১ দিন বাকি থাকা অবস্থায় রাজনৈতিক দল এবং প্রতিদ্বন্দি প্রার্থীদের মধ্যে তৎপরতা আরো বৃদ্ধি পেয়েছে । বিজেপির প্রবীন নেতা তথা মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ বিজনী ও তামুলপুরে  এন ডি এ মিত্রজোটের প্রার্থীর হয়ে বিজয় সংকল্প সবায় অংশ নেন ।
কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা শিবরাজ সিং চৌহান আজ রঙিয়ায় ভবেশ কলিতার হয়ে প্রচার চালান । আসাম প্রদেশ বিজেপির সভাপতি দিলীপ শইকিয়া বরপেটা আসনে মিত্রজোটের প্রার্থীর হয়ে আজ নির্বাচনী প্রচার চালান ।
দলের প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গৌহাটীতে একটি রোড শোয়ে অংশগ্রহণ করেন এবং গৌহাটীর চারটি বিধানসভা কেন্দ্রের মিত্রজোটের

প্রার্থীর হয়ে প্রচার চালান । শ্রী শাহ আগামীকাল নলবারী জেলার সামতাতে এক নির্বাচনী সভায় অংশ নেবেন । বিজেপির প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ বঙ্গাইগাঁওয়ে মিত্রজোটের প্রার্থী দিপ্তীময়ী চৌধুরীর হয়ে প্রচার চালান । কংগ্রেস ও বিরোধী মিত্রদলসমূহের সঙ্গে নির্দল প্রার্থীরাই রাজ্যের বিভিন্ন স্থানে প্রচার চালাচ্ছেন । প্রদেশ কংগ্রেস সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ তিতাবরে দলীয় প্রার্থীর হয়ে প্রচারে অংশ নেন ।
কংগ্রেসের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়গে আগামীকাল লখিমপুরে প্রচার অভিযানে অংশ নেবেন । অসম জাতীয় পরিষদের নেতা লুরিনজ্যোতি গগৈ খোয়াং বিধানসভা কেন্দ্র সহ অন্যান্য স্থানে প্রচার অব্যাহত রেখেছেন ।

বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীনও আগামীকাল ও পরশু প্রচার চালাতে আসামে আসবেন । বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১ , ৫ ও ৬ এপ্রিল পুনরায় দলের হয়ে রাজ্যের বিভিন্ন স্থানে প্রচার চালাবেন ।
এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারাভিযান অব্যাহত রয়েছে ।
বিজেপি প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী কৌশিক রাই আজ  সোনাই বিধানসভা কেন্দ্রে অসম গণ পরিষদ দলের প্রার্থী করিমুদ্দিন বড়ভূঁইয়ার হয়ে নগদীর গ্রাম ,সৈদপুর  ও কাপ্তানপুরে প্রচার চালান । ওই আসনে কংগ্রেস দলের প্রার্থী আমিনুল হক লস্কর স্বাধীন বাজার গাঁও পঞ্চায়েতে আজ প্রচার চালান । কাটিগড়া আসনের প্রার্থী কমলাক্ষ্য দে পুরকায়স্থ আজ আয়নাতল বাগানে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন । শিলচর আসনের প্রার্থী ডা:রাজদীপ রায় আজ তারাপুর আনন্দ পরিষদ থেকে মজুমদার বাজার পর্যন্ত এক পদযাত্রায় অংশ নেন ।  তাঁর সমর্থনে প্রচার অভিযানে অংশ নিতে ত্রিপুরার মূখ্যমন্ত্রী ড. মানিক সাহা আগামীকাল শিলচর আশ্রম রোডে এক নির্বাচনী জনসভায় অংশ নেবেন । কংগ্রেস প্রার্থী ডা:অমিত কালোয়ার আজ বড়খলা বিধানসভা এলাকার বিভিন্ন স্থানে প্রচার চালান । ধলাই বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অমিয় কান্তি দাস আজ কুলিছড়া ,মধুরাপুর গ্রাম , জীবনগ্রাম সহ বিভিন্ন এলাকায় প্রচার চালান ।  ধলাই সংরক্ষিত আসনে কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ ভাগাবাজারে প্রচার অভিযানে অংশ নেন ।

শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের লক্ষীপুর বাজার এলাকায় আজ প্রচার অভিযানে অংশ নেন বিজেপি প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আজিজ আহমেদ খান আজ প্রসারপুর গাঁও পঞ্চায়েতের কুজব এলাকায় এক নির্বাচনী সভায় অংশ নিয়ে প্রচার চালান । ওই আসনে কংগ্রেস প্রার্থী আমিনুর রশিদ চৌধুরী পুরাহুরিয়া সুতারকান্দি

গাঁওপঞ্চায়েতের সুপ্রাকান্দি এলাকায় আজ প্রচার চালান । রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী বিজয় মালাকার রণপুর গাঁওপঞ্চায়েতের কালামাগুরা এলাকায় আজ নির্বাচনী প্রচার চালান । উত্তর করিমগঞ্জ আসনে কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ নয়াবাড়ি কেশরকাপন গাঁওপঞ্চায়েতের সাদারাশি এলাকায় বুথে বুথে গিয়ে প্রচার চালান ।

এদিকে কেন্দ্রীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় তামতা আজ হাইলাকান্দির মোহনপুর এলাকায় এ জি পি প্রার্থী জাকির হোসেন লস্করের সমর্থনে প্রচার অভিযানে অংশ নেন ।

--------------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার দুপুর ১ টায় 'মেরা বুথ সবসে মজবুত' কার্যসূচীর অধীনে নমো এ্যাপের মাধ্যমে আসাম এবং পুডুচেরীর দলীয় কর্মীদেরকে সম্বোধন করবেন । শ্রী মোদী সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে বিগত ১০ বছরে আসামের উন্নয়ন সবার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে এবং রাজ্যটি সব ক্ষেত্রে উন্নয়নের যাত্রা অব্যাহত রয়েছে । রাজ্য বিজেপি জনসাধারণকে নমো এ্যাপ ডাউনলোড করা সহ পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছে ।

--------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের প্রশিক্ষণ এবং সচেতনতামূলক কার্যসূচী অব্যাহত রয়েছে ।কাছাড় জেলায় আজ দুটি পর্যায়ে ভোট কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । পরবর্তীতে আগামী পয়লা এপ্রিল থেকে তৃতীয় তথা চূড়ান্ত পর্যায়ের প্রশিক্ষণ প্রদান করা হবে । এবারের প্রশিক্ষণের সময় প্রশিক্ষকরা বিশেষ করে ই সি আই নেট অ্যাপ ব্যবহারের ওপর বিশেষ ভাবে গুরুত্ব প্রদান করছেন ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের নির্বাচনে ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ভোটকর্মীদের কয়েক দফায় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে ।আজ এবং আগামীকাল রবীন্দ্রসদন মহিলা কলেজ , সিনিয়র সেকেন্ডারি স্কুল অব সায়েন্স ও জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে প্রিসাইডিং অফিসার ও ফাস্ট পোলিং অফিসারদের দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ প্রদানের ব্যাখা করা হয়েছে । এদিকে আগামী তেসোরা ও চৌঠা এপ্রিল দ্বিতীয় ও তৃতীয় পোলিং অফিসারদের তৃতীয় পর্যায়ের গ্রুপ প্রশিক্ষণ প্রদান করা হবে । উল্লেখ্য আগামী ৯ এপ্রিল শ্রীভূমি জেলার ১ হাজার ১৮৮ টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোট গ্রহণের জন্য রিজার্ভ সহ ৫ হাজার ২২৪ জন ভোটকর্মী নিয়োগ করা হয়েছে । এদিকে জেলায় ভোটদাতাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং বিশেষ করে

নতুন প্রজন্মের ভোটারদের ভোটদানে আকর্ষিত করতে জেলা আয়ুক্তের কার্যালয়ের স্যুইপ সেলের পক্ষ থেকে একটি সেলফি পয়েন্ট স্থাপন করা হয়েছে । ভোটাররা এই পয়েন্টে ছবি তুলে #আসাম ভোট ২০২৬ এবং #মাই ভোট মাই ভয়েস হ্যাশট্যাগ ব্যবহার করে ফেসবুক , ইন্স্টাগ্রাম বা হোয়াটসঅ্যাপে শেয়ার করতে পারবেন ।
হাইলাকান্দি জেলায়ও ভোটকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে । বিশেষ করে এবারের নির্বাচনে মহিলাদের অংশগ্রহণ উল্লেখ্যযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে মহিলা ভোটকর্মীদের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে । হাইলাকান্দি জেলায় গত বিধানসভা নির্বাচনে ৬ টি পিংক ভোটকেন্দ্র ছিল  এবার ৫০ টি পিংক ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে ।এরমধ্যে ৪২ টি হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে এবং ৮ টি আলগাপুর - কাটলিছড়া কেন্দ্রে স্থাপন করা হয়েছে । হাইলাকান্দি এস এস কলেজে আজ থেকে দুদিনব্যাপী বিশেষ প্রশিক্ষণ শিবিরে মোট ২৬২ জন মহিলা ভোট কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে । এই প্রশিক্ষণ শিবিরে মাষ্টার ট্রেনার হিসেবে দ্বায়িত্ব পালন করছেন ডঃ তপা কর ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের ১৩২ তম পর্বে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করবেন ।এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক ছাড়াও আকাশবাণীর ওয়েবসাইট নিউজ অন এআইআর মোবাইল এ্যপের মাধ্যমে শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউটিয়ুব চ্যানেলেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । এই অনুষ্ঠানটি সম্প্রচারের অব্যবহিত পরেই আকাশবাণী অনুষ্ঠানটি আঞ্চলিক ভাষায় প্রচার করবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার দেশে মাত্র ৫ থেকে ১০ দিনের জন্য তেল ও গ্যাস মজুদ রয়েছে বলে সামাজিক মাধ্যমে প্রচারিত খবর অস্বীকার করেছে । প্রেস ইনফরমেশন ব্যুরোর ( পি আসি বি )’র তথ্য পরীক্ষণ গোষ্ঠি এই খবরকে বিভ্রান্তিকর বলে অভিহিত করে দেশের কোন অংশে পেট্রল , ডিজেল , বা রান্নার গ্যাসের সংকট সৃষ্টি হয়নি বলে স্পষ্ট করে দিয়েছে । জ্বালানী সরবরাহ স্থির রয়েছে এবং পরিস্থিতির প্রতি নজর রাখা হচ্ছে বলে পিআইবি সূত্রে প্রকাশ করা হয়েছে । দেশে প্রায় ৭৬ দিনের তেল মজুত করার সামর্থ্য রয়েছে এবং বর্তমানে ৬০ দিনের তেল মজুত রয়েছে বলে পি আই বি জানিয়েছে । সরকার জনসাধারণকে ভীত না হতে এবং জ্বালানি ও রান্নার গ্যাসের মজুত সম্পর্কে সরকারী সূত্র থেকে জারি করা প্রমাণিত তথ্য বিশ্বাস করার আহ্বান জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভুমি জেলার খাদ্য গণবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগের পক্ষ থেকে জেলার সব পেট্রোল পাম্প ও রিটেল আউটলেটগুলিতে প্লাস্টিকের বোতল , ক্যান বা অন্য কোনো খোলা পাত্রে পেট্রোল ও ডিজেল বিক্রয়ের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এখন থেকে জ্বালানি তেল শুধুমাত্র সরাসরি যানবাহনের ফুয়েল ট্যাঙ্কেই ভরা যাবে । এই নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট পেট্রোল পাম্প বা ব্যাক্তির বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যাবস্থা গ্রহণ করা হবে । সেইসঙ্গে পাম্পের মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে যে তারা যেন স্থানীয় ভাষায় এই নির্দেশ পাম্প চত্বরে প্রদর্শন করেন এবং জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করেন । জনসাধারণের নিরাপত্তার স্বার্থে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র বিশ্বের সঙ্গে আসামেও আজ বিশ্ব ধরিত্রী ঘন্টা দিবস পালন করা হচ্ছে । পরিবেশ সুরক্ষার স্বার্থে WWF এর আহ্বানে এই কার্যসূচী পালন করা হয় । এই কার্যসূচী অনুযায়ি আজ রাত ৮ থেকে রাত ৯ টা পর্যন্ত জনসাধারণকে পরিমিত বিদ্যুৎ ব্যবহার করার আহ্বান জানানো হয়েছে । রাজ্যের প্রতিটি জেলার সব সরকারী কার্যালয় , প্রতিষ্ঠান ইত্যাদিতে এই সময়ে অপ্রয়োজনীয় লাইট একঘন্টার জন্য বন্ধ থাকবে । এই সম্পর্কে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করেছে ।এবছর এই দিবসের বিষয়বস্তু হচ্ছে - ‘আমাদের শক্তি আমাদের পৃথিবী ।’

---------------------------------------------------------------------------------